

## ওহদের যুদ্ধে রাসুল(সাঃ)এর দাঁত ভেঙ্গে গিয়েছিল

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ ওহদের যুদ্ধে রাসুল(সাঃ)এর দাঁত ভেঙ্গে গিয়েছিল

ওহদের যুদ্ধে মুশরিক সৈন্যদের পাথর নিক্ষেপ এবং তরবারীর আঘাতে রাসুল(সাঃ) এর দাঁত ভেঙ্গে গিয়েছিল। নীচের ঠোঁট আহত হয়েছিল। শিরস্তানের দুটি কড়া চেহারার মধ্যে ঢুকে গিয়েছিল। রাসুল(সাঃ) চেহারা হতে রক্ত মুছতে মুছতে মুখে উচ্চারণ করেছিলেনঃ ঐ কওম কিভাবে সফলকাম হতে পারে যারা তাদের নবীর(সাঃ) এর মুখমন্ডল আহত করেছে এবং দাঁত ভেঙ্গে দিয়েছে অথচ তিনি তাদের আল্লাহর দিকে আহ্বান করেছিলেন ঐ সময় আল্লাহ তা'য়লা সুরা আল ইমরানের ১২৮ নং আয়াত নাজিল করেন (ফাতহুল বারী ৭/৩৬৫)

(128) لَيْسَ لَكَ مِنَ الْأَمْرِ شَيْءٌ أَوْ يَتُوبَ عَلَيْهِمْ أَوْ يُعَذِّبَهُمْ فَإِنَّهُمْ ظَالِمُونَ

অর্থঃ এ কার্যে তোমার কোনই কৃতিত্ব নাই যে, তিনি তাদেরকে ক্ষমা করেন অথবা শাস্তি প্রদান করেন। পরন্তু নিশ্চয়ই তারা যালিম।

এ আয়াতটি নাযিলের পর পরই রাসুল(সাঃ) বার বার উচ্চারণ করতে থাকেন

اللَّهُمَّ اغْفِرْ لِقَوْمِي فَإِنَّهُمْ لَا يَعْلَمُونَ

click here <http://www.morningbrightness.fi/>  
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>

অর্থঃ হে আল্লাহ্ আপনি আমার জাতিকে ক্ষমা করুন, কারণ তারা বুঝে না।

অন্য বর্ণনায় আছে, তিনি বলেছিলেন,

اللَّهُمَّ اهْدِ قَوْمِي فَإِنَّهُمْ لَا يَعْلَمُونَ

অর্থঃ হে আল্লাহ্ আপনি আমার জাতিকে হেদায়েত দান করুন, তারা জানে না।

প্রিয় ভাই ও বোনেরা, আমাদের কাজ দাওয়াত দেয়া। হেদায়েত দান করা অথবা শাস্তি প্রদান করার মালিক আল্লাহ তা'য়লা। আল্লাহ তা'য়লা আমাদেরকে দ্বীনের উপর দৃঢ় রাখুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ